গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
প্রকল্প পরিচালকের কার্যালয়
ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প
ভূমি ভবন,তেজগাঁও,ঢাকা-১২০৮
www.lmap.minland.gov.bd

ভূমিসেবা ডিজিটাল
বদলে যাচ্ছে দিনকাল

নম্বর: ৩১.০০.০০০০.০৯২.১০.০০৩.২১-৮৭৫

তারিখ: ০২ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ
১৫ ফেব্রুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়াধীন ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্পের আওতায় উপজেলা/সার্কেল/মেট্রো ভূমি অফিসসমূহে পদায়নের লক্ষ্যে নিম্নবর্ণিত পদে ০৩ (তিন) বছরের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে (তিনটি পার্বত্য জেলা ব্যতীত) টেলিটকের মাধ্যমে অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| পদের নাম, গ্রেড, সাকুল্য বেতন, সংখ্যা, বয়সসীমা ও মেয়াদ | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|
| কম্পিউটার অপারেটর<br>গ্রেডঃ ১৩<br>সাকুল্য বেতনঃ টা: ১৯,৩০০/- টা: ১৮,২০০/- এবং টা: ১৭,৬৫০/- (স্থানভেদে)<br>সংখ্যাঃ ৪৫৩ জন<br>বয়সঃ অনূর্ধ্ব ৩০ বৎসর<br>মেয়াদ কালঃ ৩৬ মাস | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি এবং<br>(খ) সরকারী প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ এর তফসিল-২ অনুযায়ী কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতিমিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজীতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। |

১। নিয়োগ বিজ্ঞপ্তির বিস্তারিত তথ্য, আবেদনের শর্ত ও টেলিটক কর্তৃক অনলাইনে আবেদন ফরম পূরণের নিয়মাবলি ও করণীয় প্রকল্পের ওয়েবসাইট www.lmap.minland.gov.bd ও ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.minland.gov.bd এ ১৭/০২/২০২২ তারিখের পর হতে পাওয়া যাবে। ২৩/০২/২০২২ তারিখ হতে ২২/০৩/২০২২ তারিখ পর্যন্ত তিনটি পার্বত্য জেলা ব্যতীত প্রার্থীগণ অনলাইনে আবেদন দাখিল করতে পারবে। নির্ধারিত তারিখের পরে কোন আবেদন গ্রহণ করা হবে না।

২। নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://lmap.teletalk.com.bd ওয়েবসাইট হতে অনলাইনে ২৩/০২/২০২২ তারিখ হতে আবেদন ফরম পূরণ করতে পারবে। অনলাইনে আবেদন ব্যতীত মুদ্রিত/হস্তলিখিত কোন প্রকার আবেদন বা কাগজপত্র ডাকযোগে বা অন্য কোনভাবে প্রেরণ করা হলে তা গ্রহণযোগ্য হবে না বরং তা বাতিল বলে গণ্য হবে।

১৫/০২/2022

মোজাফফর আহমেদ
(যুগ্মসচিব)
প্রকল্প পরিচালক
ফোন: ০২-৮১৭০১৬৭(অফিস)
pdlandautomation@gmail.com

বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
প্রকল্প পরিচালকের কার্যালয়
ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প
ভূমি ভবন,তেজগাঁও,ঢাকা-১২০৮
www.lmap.minland.gov.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

ভূমিসেবা ডিজিটাল
বদলে যাচ্ছে দিনকাল

নম্বর: ৩১.০০.০০০০.০৯২.১০.০০৩.২১-৮৭৬

তারিখ: ০২ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ / ১৫ ফেব্রুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়াধীন ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্পের আওতায় উপজেলা/সার্কেল/মেট্রো ভূমি অফিসসমূহে পদায়নের লক্ষ্যে নিম্নবর্ণিত পদে ০৩ (তিন) বছরের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে (তিনটি পার্বত্য জেলা ব্যতীত) টেলিটকের মাধ্যমে অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| পদের নাম, গ্রেড, সাকুল্য বেতন, সংখ্যা, বয়সসীমা ও মেয়াদ | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|
| কম্পিউটার অপারেটর<br>গ্রেডঃ ১৩<br>সাকুল্য বেতনঃ টা: ১৯,৩০০/- টা: ১৮,২০০/- এবং টা: ১৭,৬৫০/- (স্থানভেদে)<br>সংখ্যাঃ ৪৫৩ জন<br>বয়সঃ অনূর্ধ্ব ৩০ বৎসর<br>মেয়াদ কালঃ ৩৬ মাস | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি এবং<br>(খ) সরকারী প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ এর তফসিল-২ অনুযায়ী কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতিমিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজীতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। |

০২। নিম্ন বর্ণিত শর্তাবলী অনুযায়ী প্রার্থীদের আবেদন দাখিল এবং পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে:

(ক) ০১-০২-২০২২ তারিখে প্রার্থীর বয়স:

(১) প্রার্থীর বয়স: অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর।

(২) শুধু মুক্তিযোদ্ধা, মুক্তিযোদ্ধার পুত্র ও কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর।

(৩) বয়স প্রমাণের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

(৪) আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ ও নিজ জেলাসহ অন্যান্য সকল তথ্য সংশ্লিষ্ট সনদে যেভাবে লেখা রয়েছে অনলাইনে আবেদন ফরমে এবং পরবর্তীতে হুবহু সেভাবে লিখতে হবে।

(খ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। এ ক্ষেত্রে আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

(গ) শিক্ষাগত যোগ্যতায় জিপিএ প্রাপ্তদের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত ০২-০২-২০১০ তারিখের শিম/শাঃ-১১/১৯-১/২০০৭/১৭৪ নং প্রজ্ঞাপন অনুসরণ করা হবে।

(ঘ) প্রার্থীগণকে নিজ নিজ স্থায়ী ঠিকানা দিয়ে আবেদন করতে হবে এবং নিজ জেলায় পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। অস্থায়ী ঠিকানায় কোন আবেদন করা বা পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে না।

(ঙ) নিয়োগকৃত প্রার্থীগণ সংশ্লিষ্ট পদের/গ্রেডের সার্কুল্য বেতন প্রাপ্য হবেন। উন্নয়ন প্রকল্পের জনবলের সাকুল্য বেতন নির্ধারনে অঞ্চলভেদে বেতনে কিছুটা তারতম্য রয়েছে। তবে এ বিষয়ে সরকারী পরিপত্র যথাযথ অনুসরণ করা হবে।

(চ) MCQ পদ্ধতিতে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে; লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই কেবল মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য বিবেচিত হবেন। লিখিত পরীক্ষার স্থান, তারিখ ও সময় পরবর্তিতে জানানো হবে।

(ছ) টেলিটক বাংলাদেশ লিঃ কর্তৃক আবেদন গ্রহণ ও অন্যান্য বিষয়াদি প্রসেস করা হবে। এই মূহুর্তে অনলাইনে আবেদন দাখিল ছাড়া অন্য কোন কাগজপত্র বা কোন সনদপত্র দাখিল করতে হবে না। আবেদনকারীগণের মোবাইল ফোনে টেলিটক হতে এসএমএস এর মাধ্যমে যথাসময়ে পরীক্ষার স্থান, তারিখ ও সময় জানানো হবে এবং এ বিষয়ে ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.minland.gov.bd ও প্রকল্পের ওয়েবসাইট www.lmap.minland.gov.bd এ প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হবে।

(জ) আগামী ২৩/০২/২০২২ তারিখ হতে ২২/০৩/২০২২ তারিখ পর্যন্ত তিনটি পার্বত্য জেলা ব্যতীত প্রার্থীগণ অনলাইনে আবেদন দাখিল করতে পারবে। নির্ধারিত তারিখের পরে কোন আবেদন গ্রহণ করা হবে না।

প্রকল্প পরিচালকের কার্যালয় ভূমি মন্ত্রণালয় ঢাকা-১০০০

(ঝ) আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে। এ বিষয়ে প্রার্থী কোন ভুল তথ্য প্রদান করলে বা কোন তথ্য গোপন করলে আবেদনপত্র বাতিল করা হবে।

(ঞ) প্রার্থীদের বর্ণিত পদের জন্য ১০০ টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ১২/- (বার) টাকাসহ মোট ১১২/- (একশত বার) টাকা আবেদনপত্র দাখিলের অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিতে হবে নতুবা আবেদন গৃহীত হবে না।

(ট) স্বাস্থ্য বিধি মেনে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। এ জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(ঠ) জেলা ভিত্তিক মেধা তালিকা প্রণয়ন করে প্রার্থী নির্বাচন চূড়ান্ত করা হবে এবং প্রার্থীগণকে যতটা সম্ভব নিজ নিজ জেলায়/নিকটস্থ জেলায় পদায়নের ব্যবস্থা নেয়া হবে।

(ড) প্রকল্পের প্রয়োজনে জনবলের সংখ্যা ও মেয়াদকাল বৃদ্ধি পেতে পারে।

৩। প্রার্থীর যোগ্যতার বিভিন্ন তথ্য যাচাই এবং প্রদর্শনঃ

(ক) লিখিত পরীক্ষার সময় ছবিযুক্ত মূল প্রবেশপত্র সাথে আনতে হবে।

(খ) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য, দাখিলকৃত কাগজপত্র জাল,মিথ্যা বা বিজ্ঞপ্তিতে উল্লেখিত ন্যূনতম যোগ্যতার সাথে অসামঞ্জস্যপূর্ণ তথ্য দিলে কিংবা পরীক্ষায় নকল বা অসুদপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি দেখাতে হবেঃ

(ক) সকল সনদ/প্রত্যয়ন/অনাপত্তিপত্রের মূলকপি;

(খ) সংশ্লিষ্ট জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ;

(গ) জাতীয় পরিচয়পত্র;

(ঘ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

(ঙ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের কোটায় আবেদনকারী প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে সনদ/প্রত্যয়ন; আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা হলে উক্ত বক্তব্যের স্বপক্ষে আবদনকারীকে (সংশ্লিষ্ট বীর মুক্তিযোদ্ধার গেজেট/ভারতীয় তালিকা/লালমুক্তি বার্তা নম্বর/সাময়িক সনদের নম্বর ও তারিখ/ মুলসনদের নম্বর ও তারিখ উল্লেখপূর্বক) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌর সভার মেয়র কর্তৃক প্রদত্ত প্রত্যায়নপত্র;

(চ) বিভাগীয় ও সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীর সংশ্লিষ্ট কতৃপক্ষের অনাপত্তিপত্র;

৫। এ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়নি এমন কোন সরকারি বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোন বিধি-বিধান সংশোধিত হলে তা অনুসরণ করা হবে।

৬। নিয়োগকারী কর্তৃপক্ষ এ নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন/সংযোজন/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

৭। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

২৩/02/2022

মোজাফফর আহমেদ
(যুগ্মসচিব)
প্রকল্প পরিচালক
ফোন: ০২-৮১৭০১৬৭(অফিস)
pdlandautomation@gmail.com